গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

বিষয়ঃ ভূ-সম্পত্তি জবরদখল বিষয়ে অভিযোগ গ্রহন এবং তদন্ত সংক্রান্ত কার্যক্রম মনিটরিং করার জন্য গঠিত জেলা কমিটির সভার কার্যবিবরণী ।

সভাপতিঃ মোছাঃ সুলতানা পারভীন
জেলা প্রশাসক, কুড়িগ্রাম ।
সভার তারিখঃ ২৮/১০/২০১৮ খ্রিঃ
সময়ঃ সকাল-১০.১৫ টা
স্থানঃ জেলা প্রশাসক, কুড়িগ্রামের সম্মেলনকক্ষ ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয় । সভাপতির নির্দেশনা অনুযায়ী রেভিনিউ ডেপুটি কালেক্টর গত ২৩/০৯/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ পাঠ করে শোনান । কোনো সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ় করা হয়। পরে নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

১। হাট চান্দিনা ভিটিতে অবৈধ দখল সংক্রান্তঃ

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী/ নাগেশ্বরী/ রৌমারী ইতোমধ্যে হাট-বাজারের চান্দিনা ভিটিতে অবৈধ দখরদারগণের নিকট থেকে একসনা বন্দোবস্ত প্রদানের জন্য আবেদন গ্রহণপূর্বক ভূরুঙ্গামারীর ০১টি, নাগেশ্বরীর ০১টি ও রৌমারীর ০২টি মোট-০৪টি একসনা বন্দোবস্ত কেস নথি প্রেরণ করেছেন। বন্দোবস্ত কেস নথি অনুমোদনের জন্য নথিতে উপস্থাপন করা হয়েছে। | ১। হাট-বাজারের চান্দিনা ভিটিতে একসনা বন্দোবস্ত কেস নথি অনুমোদনের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) কুড়িগ্রাম ও রেভিনিউ ডেপুটি কালেক্টর কুড়িগ্রাম। |
| ২। সভাপতি দেওয়ানী মামলা, রেকর্ড সংশোধন মামলা ও চলমান মামলাসহ নিষ্পত্তিকৃত মামলার মধ্যে সরকার পক্ষে এবং বিপক্ষে কতটি রায় হয়েছে ইত্যাদি বিষয়গুলো ছক আকারে প্রদানের জন্য সহকারী কমিশনার, আর, এম শাখাকে নির্দেশনা প্রদান করেন। | ২। দেওয়ানী মামলা, রেকর্ড সংশোধন মামলা ও চলমান মামলাসহ নিষ্পত্তিকৃত মামলার মধ্যে সরকার পক্ষে এবং বিপক্ষে কতটি রায় হয়েছে ইত্যাদিতথ্যাদি ছক আকারে নিয়মিত প্রেরণ করতে হবে । | ২। সহকারী কমিশনার, আর এম শাখা কুড়িগ্রাম । |
| ৩। সভায় উচ্ছেদ কেস নং ০১/১৬ ও ০২/১৬ বিষয়ে আলোচনা করা হয় । আলোচনা থেকে জানা যায় উচ্ছেদ কেস নং ০১/১৬ ও ০২/১৬ কুড়িগ্রাম সদর এর মূল নথি উচ্ছেদের নিমিত্ত জে এম শাখা বরাবর প্রেরণ করা হয়। অতঃপর অবৈধ উচ্ছেদ হয়েছে কিনা এ বিষয়ে প্রতিবেদন চেয়ে জে এম শাখার স্মাঃ নং ৫৩২, তাং ২৪/০৫/২০১৮ মূলে সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর কে পত্র প্রেরণ করা হয়। সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর অদ্যাবধি প্রতিবেদন প্রেরণ করেননি। সভায় আলোচনান্তে সভাপতি মামলার তথ্য জরুরী ভিত্তিতে প্রেরণের জন্য সহকারী কমিশনার, জে,এম শাখা, কুড়িগ্রামকে অনুরোধ জানান। | ৩। আগামী সভার পূর্বেই উচ্ছেদ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করতে হবে । | ৩।সহকারী কমিশনার (ভূমি),কুড়িগ্রাম সদর ও সহকারী কমিশনার, জে এম শাখা । |

চলমান পাতা-২

২। সরকারের বিভিন্ন বিভাগ/ দপ্তরের মালিকানাধীন **ভূ-সম্পত্তি জবরদখল ও অবৈধ দখল সংক্রান্তঃ**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভাপতি বিভিন্ন বিভাগের আওতাধীন সরকারি সম্পত্তিতে অবৈধ দখলদারদের তালিকা তৈরীর জন্য ত্রিপক্ষীয় জরিপ দল অপদখলকারীদের চিহ্নিত করে তালিকা প্রনয়ন করার বিষয়ে জানতে চান। অতিরিক্ত ভূমি হুকুম দখল কমকর্তা জানান যে, টেস্টি স্ন্যাকস হতে জজকোর্ট মোড় পর্যন্ত কুড়িগ্রাম চিলমারী রাস্তার দুপাশে গণপূর্ত বিভাগ, সড়ক ও জনপথ বিভাগ,কুড়িগ্রাম এবং পুনঃগ্রহণকৃত ০১নং সরকারি খাস জমিতে ৮৮ জন অবৈধ দখলকারের তালিকা প্রস্তুত করা হয়েছে।<br><br>সভায় আলোচনান্তে সভাপতি সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে তাদের মালিকানাধীন জমিতে অবস্থানকারী অবৈধ দখলদারগণকে উচ্ছেদের নিমিত্ত কাযক্রম গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ১। জেলা প্রশাসকের, গণপূর্ত বিভাগের এবং জেলা পরিষদের প্রতিনিধিগণের সমন্বয়ে ত্রিপক্ষীয় জরিপ দল করে অপদখলকৃত জমির পরিমাণ, মালিকানা ও অপদখলকারীকে চিহ্নিত করে তালিকা প্রনয়ন করতে হবে। | ১। নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম/ নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম/ সহকারী কমিশনার (ভূমি), কুড়িগ্রাম সদর / অতিরিক্ত ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম। |

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/১১/১৮

( মোছাঃ সুলতানা পারভীন )
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.kurigram.gov.bd

স্মারক নং-৩১.৪৭.৪৯০০.০০৬.০৩.০০১.২০১৮-১২৫২(৩৫)

তারিখঃ ০৮ অগ্রহায়ণ, ১৪২৫
২২ নভেম্বর, ২০১৮

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। মন্ত্রিপরিষদ সচিব (জাতীয় নির্বাহী কমিটির সভাপতি), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৫। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, কুড়িগ্রাম।
৭। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, কুড়িগ্রাম।
৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, কুড়িগ্রাম।
৯। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কুড়িগ্রাম।
১০। জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা/ উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা, কুড়িগ্রাম।
১১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
১২। উপজেলা নির্বাহী অফিসার,.........................................(সকল), কুড়িগ্রাম।
১৩। বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বনায়ন বিভাগ, রংপুর।
১৪। সহকারী কমিশনার (ভূমি),.......................................(সকল), কুড়িগ্রাম।
১৫। সহকারী কমিশনার, আর এম শাখা, কুড়িগ্রাম কালেক্টরেট।
১৬। জেলা প্রশাসক, কুড়িগ্রাম মহোদয়ের গোপনীয় সহকারী। (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২২/১১/১৮

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
কুড়িগ্রাম।
ফোন ০৫৮১-৬১৫৯১(অঃ)